

- ৫। ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ প্রবন্ধে বিবেকানন্দের অসাধারণ গদ্যশৈলীর যে পরিচয় পাও দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০
- ৬। অবনীন্দ্রনাথ বিষয়ক রাজশেখর বসুর প্রবন্ধ এবং অতুলপ্রসাদ বিষয়ক ধূর্জটিপ্রসাদের প্রবন্ধে শিল্পীসত্তার বিচারে সমগ্র জীবনের উপরেই গুরুত্ব দেওয়ার কারণ কী? উক্ত নিবন্ধদুটি মাথায় রেখে আলোচনা করো। ১০

অথবা

- ৭। সুধীন্দ্রনাথ দত্ত ‘দিনান্ত’ প্রবন্ধে রবীন্দ্রনাথকে কীভাবে উপস্থাপন করতে চেয়েছেন তা তাঁর প্রবন্ধের নিরিখে যুক্তিসহ বিচার কর। ১০

অথবা

- ৮। ‘সংস্কৃতি’ বলতে সুনীতিকুমার চট্টোপাধ্যায় কী বোঝাতে চেয়েছেন? ‘বৃহত্তর ভারতীয় সংস্কৃতি’ বোঝাতে তিনি বারংবার ‘হিন্দু সংস্কৃতি’র কথা বলেছেন কেন? এই সংস্কৃতির স্বরূপের কথা বিচার করে তাঁর অবস্থান সম্পর্কে তোমার মতামত দাও। ১০

কলা স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২২

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ২.৩

বাংলা আত্মকথা ও প্রবন্ধ

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। রাসসুন্দরীর ‘আমার জীবন’-এ সেই সময়ে মেয়েদের জীবন যাপনের যে ছবি পাও — তা আলোচনা করো। ১০
- ২। ‘জীবনস্মৃতি’র ‘ঘর ও বাহির’ অধ্যায়ে ছেলেবেলার জগতের যে পরিচয় রবীন্দ্রনাথ ব্যক্ত করেন, তার তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

অথবা

- ৩। ‘জীবনস্মৃতি’ গ্রন্থে ‘পিতৃদেব’ নামে একটি অধ্যায় থাকা সত্ত্বেও পুনরায় ‘হিমালয়যাত্রা’ অধ্যায়ে পিতৃপ্রসঙ্গ আনার কারণ কী? বুঝিয়ে বলো। ১০
- ৪। ‘ছড়াগুলিও ভারহীনতা, অর্থবন্ধনশূন্যতা এবং চিত্রবৈচিত্র্য-বশতই চিরকাল ধরিয়া শিশুদের মনোরঞ্জন করিয়া আসিতেছে — শিশুমনোবিজ্ঞানের কোনো সূত্র সম্মুখে ধরিয়া রচিত হয় নাই’ — ‘ছেলেভুলানো ছড়া’ প্রবন্ধ অনুসারে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

অথবা